হরিণাকুণ্ডুর সন্তান সাতক্ষীরায় এসপি পদে নিয়োগ লাভ

বাংলাদেশ পুলিশের বিভিন্ন জেলায় কর্মরত বিসিএস (পুলিশ) ক্যাডারের পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ৪০ জনকে বদলি করা হয়েছে।

বুধবার ৩ আগষ্ট রাষ্ট্রপতির পক্ষে এসপিদের এই আদেশে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখার উপসচিব ধনঞ্জয় কুমার দাস স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বদলির আদেশ দেওয়া হয়। বদলিকৃত কর্মকর্তাদের মধ্যে এসবি’র পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান, বিপি-৭৬০৬১১৯৬৫৬ কে সাতক্ষীরার পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে।

কাজী মনিরুজ্জামান ২০০৬ সালে ২৫তম বিসিএস (পুলিশ) ক্যাডারে উর্ত্তীণ হয়ে সহকারি পুলিশ সুপার পদে যোগদান করে পুলিশের চ্যালেঞ্জিং পেশায় আত্মনিয়োগের মাধ্যমে দেশ সেবায় ব্রতি হন। কর্মজীবনে তিনি ফেনিতে আলোড়ন সৃষ্টিকারী নুসরাত জাহান রাফি হত্যাকান্ডে জড়িত প্রভাবশালী ব্যক্তিদেরকে আইনী কাঠগড়ায় দাঁড় করাতে সাহসী ভূমিকা রেখে দেশব্যাপি বিশেষ ভাবে আলোচিত হন।

ইতিপূর্বে তিনি শ্রীমঙ্গলে র্যাব-৯ এর প্রিহেনসিভ কমান্ডিং অফিসারসহ দেশের বিভিন্ন জেলাতে পুলিশ অফিসার হিসেবে সুনাম, সাহসিকতা, দক্ষতা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করে নিজ ডিপার্টমেন্টে বিশ্বস্থতা অর্জনের পাশাপাশি তিনি প্রধানমন্ত্রীর বিশেষ আস্থা অর্জনে সক্ষম হন। চৌকষ পুলিশ অফিসার হিসেবে তিনি একাধিকবার জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে অংশ গ্রহণ করে দেশের জন্য সুনাম আর খ্যাতি বয়ে আনেন। এছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষে তিনি ইংল্যান্ড, মিশর, মালয়েশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে প্রশিক্ষন কর্মসিূচতে অংশ গ্রহণ করেন।

উল্লেখ্য কাজী মনিরুজ্জামান ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু পৌরসভার ৮ নং ওয়ার্ডের বৈঠাপাড়ার সম্ভ্রান্ত কাজী পরিবারে জন্ম গ্রহন করেন। শিক্ষা জীবনের হাতে খড়ি হয় তার নিজ গৃহে। প্রাতিষ্ঠানিক ভাবে হরিণাকুণ্ডু মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গুনী প্রধান শিক্ষক মরহুম আলফাজ উদ্দীন স্যারের নিবিড় তত্বাবধানে প্রাথমিক

শিক্ষা সফল ভাবে সমাপ্ত করেন। পরবর্তীতে এলাকার ঐতিহ্যবাহী হরিণাকুণ্ডুু প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয়ের সুযোগ্য প্রধান শিক্ষক মানুষ গড়ার মহান শিল্পী মোসলেম উদ্দীন স্যারের ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৯২ সালে যশোর শিক্ষাবোর্ডের মানবিক বিভাগ হতে রেকর্ড পরিমান নম্বর পেয়ে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

কুস্টিয়া সরকারি কলেজ হতে ১৯৯৪ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বোর্ড স্ট্যান্ড করে তিনি এলাকাবাসির কাছে নিজ মেধার সফল স্বীকৃতি অর্জনে সক্ষম হন। উচ্চতর শিক্ষা জীবনে তিনি প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ হতে কৃতিত্বের সাথে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। পারিবারিক জীবনে তিনি কাজী মরিয়মের সাথে বিবাহ বন্ধনে আবব্ধ হন। কাজী মরিয়ম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে সুগৃহিনীর দায়িত্ব পালন করছেন। তাদের দু’সন্তানের মধ্যে প্রথম সন্তান একমাত্র পুত্র কাজী মুতাম্মীম মৌন এসএসসি পরীক্ষার্থী এবং কনিষ্ঠ সন্তান কন্যা জারা ৫ম শ্রেণিতে অধ্যয়ণ করছে।

কাজী মনিরুজ্জামান শিক্ষা বিস্তারের লক্ষে নিজ জনপদে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মেধা লালনের নিমিত্বে বৃত্তি প্রদান, কোমলমতি শিশু শিক্ষার্থীদের দেশ প্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার অভিপ্রায়ে শিশুদের পৃষ্ঠপোষকতায় অবদারন রাখার পাশপাশি এলাকার বিভিন্ন মসজিদসহ ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে আন্তরিক সহযোগিতা দিয়ে আসছেন। বন্ধু বৎসল কাজী মনিরুজ্জামান বন্ধুদের কাছে জাহিদ নামে সুপরিচিত। শত ব্যস্ততার মাঝেও তিনি বছরে একবার হলেও বন্ধু-শুভাকাঙ্ক্ষীদের নিয়ে নিজ উদ্যোগে নির্মল আনন্দের জন্য মিলন মেলার আযোজন করে বন্ধুত্বে বন্ধনকে চির অম্লান করে রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। বন্ধুরাও ছুটে এসে এসময় নিজেদের সুখ দুঃখের কথা অকৃপণ ভাবে ভাগাভাগি করেন। দুস্থ্য বন্ধুদের কল্যানে তার অকৃত্রিম সহযোগি -তা সকলে গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করে থাকে।

এছাড়া মানবিক এই পুলিশ সুপার করোনাসহ বিভিন্ন দূর্যোগকালিন সময়ে তিনি এলাকার বিপন্ন নাগরিক সমাজের পাশে প্রিয় স্বজনের মত দাঁড়িয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন। করোনা বিপন্ন কর্মহীন সময়ে তিনি মুক্তিযোদ্ধা, আলেম-ওলামা, ইমাম-মোয়াজ্জিন, কবি-সাহিত্যিক, মানবাধিকার কর্মী, ভ্যান চালক, টেইলর কর্মী, কৃষক-শ্রমিক, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ও তার

অভিবাবকসহ অসুস্থ্য অসচ্ছল ব্যক্তিদের প্রতি নিরবে নিভৃতে সহমর্মিতার হাত বাড়িয়ে দিয়ে আসছেন।

সাতক্ষীরার নবনিযুক্ত পুলিশ সুপার হিসেবে কাজী মনিরুজ্জামান দুষ্টের দমন আর শিষ্টের পালনের মধ্য দিয়ে অনন্য নজীর গড়বেন বলে আমরা দৃঢ়ভাবে আশাবাদী। আমরা তার উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

কোটচাঁদপুরে শাহাদাত বার্ষিকী পালনে প্রস্তুতি সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর উপজেলা সম্মেলন কক্ষে এ সভা করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন সভায় সভাপতিত্ব করেন। এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকী,সহকারী কমিশনার(ভুমি) সিরুপমা রায়,কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, পৌর আওয়ামী লীগের সাবেক আহবায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান, এলাঙ্গীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান, পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, সাংবাদিক নজরুল ইসলাম, সুব্রত কুমার, মঈন উদ্দিন, এস এম রায়হান উদ্দিন, আব্দুল্লা বাশার।

এ ছাড়া উপস্থিত ছিলেন বিভিন্ন স্কুল, কলেজ সহ বিভিন্ন দপ্তরে কর্মকর্তারা। সভায় শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে বিভিন্ন কর্মসুচি নিয়ে আলোচনা করা হয়।

হরিণাকুণ্ডুতে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজের দুই দিনব্যাপী বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ও আজ বুধবার কলেজ প্রাঙ্গণে এই প্রতিযোগিতা চলে। পরে বিকেলে বিজয়ী প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান। প্রধান অতিথি হিসেবে ছিলেন কলেজের অধ্যক্ষ আতিয়ার রহমান। বিশেষ অতিথি ছিলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান অধ্যাপক আতাউর রহমান, দর্শন বিভাগের প্রধান অধ্যাপক আব্দুল ওয়াহেদ ও রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক আব্দুল্লাহ আল মামুন।

সাপে কামড়ানোর দু‘দিন পর নারীর মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সাপের কামড়ে ফরিদা খাতুন (৪৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। তিনি উপজেলার কালাপাহাড়িয়া গ্রামের মওলা মিয়ার স্ত্রী।

বুধবার সকালে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। এর আগে গত ১ আগস্ট বিকেলে তাকে সাপে কাটে।

ফরিদার স্বামী মওলা মিয়া বলেন, ওইদিন বিকেল পাঁচটার দিকে গ্রামের

মাঠ থেকে আমার স্ত্রীকে গোখরা সাপে কামড়ায়। তখন তাকে পাশের গ্রামের এক ওঝার কাছে নিয়ে যায়। ওঝা প্রায় দুই ঘন্টা ধরে ঝাড়ফুঁক দেয়। এতে সে সুস্থ না হওয়ায় প্রতিবেশিদের পরামর্শে সন্ধ্যা সাতটার দিকে হাসপাতালে নিয়ে যায়। সেখানেও তার অবস্থার উন্নতি না হলে মঙ্গলবার চিকিৎসকের পরামর্শে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিই। পরে ওইদিন সন্ধ্যায় বাড়িতে নিয়ে আসি। আজ সকালে সে মারা যায়।

হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ জানান, সাপে কামড়ানোর প্রায় তিন ঘন্টা পর ওই রোগীকে হাসপাতালে আনা হয়। ওইদিন রাত আটটার দিকে তাকে অ্যান্টিভেনমের প্রথম ডোজ দেওয়া হয়। পরে রাত এগারোটার দিকে তাকে দ্বিতীয় ডোজ দেওয়া হয়। কিন্তু রোগীর অবস্থার পরিবর্তন না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করি।

দেরি করে হাসপাতালে নিয়ে আসায় রক্তের সাথে বিষ মিশে মস্তিস্কের নার্ভাস সিস্টেম আরও দুর্বল হয়ে যাওয়ার ফলে এই রোগীর মৃত্যু হতে পারে বলেও জানান এই চিকিৎসক।

শৈলকুপায় বাড়ি ঘরে হামলা, ভাংচুর,লুটপাট নারীসহ আহত ১৫

ঝিনাইদহের শৈলকুপায় পুর্ব শত্রুতার জের ধরে প্রতিপক্ষের বাড়িঘরে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছে উভয় পক্ষের নারীসহ অন্তত ১৫ জন।

গত রোববার রাতে শৈলকুপা উপজেলার ৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়নের কামারিয়া গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায়, গত ৫ জানুয়ারি ইউপি নির্বাচনকে কেন্দ্র করে হিন্দু অধ্যুষিত ওই গ্রামের বিজয়ী ইউপি সদস্য রতন কুন্ডু ও পরাজিত সদস্য লক্ষীকান্তের সমর্থকদের বিরোধ চলে আসছিল। কয়েকদিন আগে লক্ষীকান্তের সমর্থক সুশান্ত মন্ডল পাশর্^বর্তী রত্নাট গ্রাম থেকে কয়েকজন যুবককে নিয়ে কামারিয়া গ্রামে চায়ের দোকানে মহড়া দেয়।

স্থানীয়রা পুলিশে খবর দিলে পুলিশ এসে তাদের তাড়িয়ে দেয়। এরই জের ধরে রাতে তারা ওই গ্রামে হামলা চালিয়ে ৬টি বাড়ি ভাংচুর ও লুটপাট করে। মারধরে আহত হয় নারীসহ অন্তত ১৫ জন। আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন ভক্তভোগীরা।

ভুক্তভোগী কামারিয়া গ্রামের সুনীল জানান, কে বা কারা পিছন থেকে এসে আমার মাথায় আঘাত করে পালিয়ে যায়। তবে কে আঘাত করলো আমি দেখতে পাইনি। ধলহরাচন্দ্র ইউপি মেম্বর রতন কুন্ডু বলেন, পাশ^বর্তী ইউনিয়নের ফরিদ মুন্সীর নেতৃত্বে লোকজন এসে আমাদের বাড়ি ঘরে হামলা ও লুটপাট করে পালিয়ে যায়।

বগুড়া ইউপি মেম্বর ফরিদ মুন্সী বলেন, আমার নেতৃত্বে কামারিয়া গ্রামে কোন হামলা হয়নি। ওরা নিজেরা নিজেদের মধ্যে এঘটনা ঘটিয়ে আমার উপর দোষ চাপাচ্ছে। আমি এ ঘটনার সাথে জড়িত না।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, কামারিয়া গ্রামে হামলার ঘটনা ঘটেছে তবে এ ঘটনায় এখনো কোন মামলা হয়নি। ওখানে আমাদের পুলিশ মোতায়েন করা হয়েছে। এলাকার বর্তমান পরিস্থিতি শান্ত আছে।

শৈলকুপা উপ-নির্বাচনে আ.লীগ প্রার্থী হাকিম বিজয়ী

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচনে বিপুল ভোটের ব্যবধানে জয় পেয়েছেন আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী এম. আব্দুল হাকিম আহমেদ।

২ লাখ ৯৬ হাজার ৬৫৪ ভোটের মধ্যে তিনি পেয়েছেন ৬৯ হাজার ৬৬১ ভোট। রোববার রাত ৯টার দিকে উপজেলা পরিষদ অডিটোরিয়াম থেকে বেসরকারিভাবে ফলাফল ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা মো. আব্দুস সালেক।

রিটার্নিং কর্মকর্তা জানান, নির্বাচনে আনারস প্রতীকের স্বতন্ত্র প্রার্থী মোস্তফা আরিফ রেজা (মন্নু) পেয়েছেন ১৪ হাজার ১ ভোট এবং স্বতন্ত্র প্রার্থী আনিচুর রহমান মোটরসাইকেল প্রতীকে ভোট পেয়েছেন ৯২৯ ভোট।

রিটার্নিং কর্মকর্তা বলেন, ১২০টি কেন্দ্রে সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ইভিএমের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। কোনও প্রার্থী নির্বাচন সংক্রান্ত লিখিত অভিযোগ জানায়নি। নির্বাচন অবাধ ও সুষ্ঠু করতে তারা যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছিলেন। কোথাও অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি।

উল্লেখ্য, ২০২০ সালের ৪ নভেম্বর শিকদার মোশাররফ হোসেন সোনা মারা যাওয়ার পর ২০২১ সালের ২৮ ফেব্রুয়ারি উপ-নির্বাচনে নৌকা প্রতীক নিয়ে নির্বাচিত হয় তার স্ত্রী শিকদার শেফালি বেগম। পরবর্তীতে চলতি বছরের ১৬ মে শিকদার শেফালি বেগম মারা গেলে পদটি আবারও শূন্য হয়।

স্বতন্ত্র প্রার্থীর এক সমর্থককে কুপিয়ে হত্যা; পুলিশ বলছে পূর্ব শত্রুতার জের

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলা পরিষদ নির্বাচনকে ঘিরে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর এক সমর্থক কে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম জানিক শেখ, সে সারুটিয়া ইউনিয়নের পুরাতন বাখরবা গ্রামের ইবাদত শেখের ছেলে।

রবিবার ভোর ৪ টার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়। গতকাল শনিবার রাত ১০টার দিকে নিজ গ্রাম থেকে তাকে দুর্বৃত্তরা কুপিয়ে মুমুর্ষ অবস্থায় ফেলে যায়। সেখান থেকে স্থানীয়রা তাকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে রাতেই কুষ্টিয়া মেডিকেলে রেফার করা হয় ।

জানা যায়, শৈলকুপা উপজেলার পুরাতন বাখরবা গ্রামের জানিক শেখ সন্ধ্যার পর বাড়ি থেকে বের হয়। রাত ১০টার দিকে রাস্তার পাশে তাকে কুপিয়ে ও পিটিয়ে ফেলে রেখে যায় দুর্বৃত্তরা। সে কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করত ।

নিহত জানিক শেখ স্বতন্ত্র আনারস প্রতিকের চেয়ারম্যান প্রার্থী মোস্তফা আরিফ রেজা মন্নুর পক্ষে নিয়মিত প্রচার প্রচারনায় অংশ নিত এবং স্থানীয় আওয়ামী লীগ নেতা জুলফিকার কায়সার টিপুর একজন সক্রিয় কর্মী ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থক বলে পরিবার জানিয়েছে । নিহতের স্ত্রী স্বপ্না খাতুন জানান, নৌকা প্রতিকের কর্মী- সমর্থকরা তার স্বামী কে নির্মমভাবে কুপিয়ে হত্যা করেছে।

এদিকে শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম জানান, পূর্ব শত্রুতার জেরে এই হত্যাকান্ড ঘটেছে।

সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে ঝিনাইদহ প্রেসক্লাবের শোক

দৈনিক দেশ রূপান্তর পত্রিকার সম্পাদক সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি-সম্পাদকসহ কর্মরত সাংবাদিকবৃন্দ।

শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে তার লাশের কফিনের উপরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এসময় সাংবাদিকদের সাথে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোঃ সোহেল রানা, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্য সাংবাদিকগণ। সকলেই এই শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব

নিউরোসায়েন্স ও হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

বৃহস্পতিবার রাতে দৈনিক দেশ রূপান্তর পত্রিকার বার্তাকক্ষে কর্মরত অবস্থায় স্ট্রোক করেন তিনি। পরে গুরুতর অসুস্থ অবস্থায় রাজধানীর বিআরবি হাসপাতালে ভর্তি করা হয় অমিত হাবিবকে।

১৯৮৭ সালে খবর গ্রুপ অব পাবলিকেশন্সে একই সঙ্গে রিপোর্টার ও সাব-এডিটর হিসেবে কর্মজীবন শুরু করেন অমিত হাবিব। পরে সাপ্তাহিক পূর্বাভাস পত্রিকায় সাব-এডিটর পদে যোগ দেন তিনি।

১৯৯১ সালে দৈনিক আজকের কাগজ পত্রিকায় সিনিয়র সাব-এডিটর হয়ে যোগ দেন। এর পরের বছর একই পদে যোগ দেন দৈনিক ভোরের কাগজে। অল্প দিনের মধ্যে পদোন্নতি পেয়ে যুগ্ম বার্তা সম্পাদক ও পরে বার্তা সম্পাদক হন তিনি।

২০০৩ সালে দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রধান বার্তা সম্পাদক হিসেবে যোগ দেন এই সাংবাদিক। তবে পত্রিকাটি বাজারে আসে ২০০৬ সালে।

২০০৭ সালে চীনের আন্তর্জাতিক বেতারে বিদেশি বিশেষজ্ঞ হিসেবে যোগ দিয়ে বেইজিংয়ে কর্মরত থাকা অমিত হাবিব দেশীয় সাংবাদিকতার সঙ্গে দূরত্বের কথা বিবেচনায় তা ছেড়ে দেশে ফিরে আসেন।

২০০৯ সালে দৈনিক সমকালের প্রধান বার্তা সম্পাদকের পদ ছেড়ে দৈনিক কালের কণ্ঠে নির্বাহী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ২০১৩ সাল থেকে উপদেষ্টা সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। দৈনিক দেশ রূপান্তরের সূচনালগ্ন থেকে তিনি সম্পাদকের দায়িত্ব পালন করে আসছিলেন।

অমিত হাবিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কাজীরবেড় গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। শুক্রবার বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে শেষ জানাজা এবং দাফন সম্পন্ন হয়।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যয়ন ও সমাপনী

মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানের মধ্যদিয়ে শেষ হল ৭ দিনের জাতীয় মৎস্য সপ্তাহ। গতকাল শুক্রবার সকালে কোটচাঁদপুর উপজেলা সম্মেলন কক্ষে সমাপনী সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন। মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, কৃষি কর্মকর্তা মোঃ মহাসিন আলী। এ সময় শতাধিক মৎস্যীজীবি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কোটচাঁদপুর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

পরে মৎস্যজীবিদের হাতে মৎস্য আহরনের বিভিন্ন সামগ্রী তুলে দেন অতিথিবৃন্দরা।

পানি সংকটে বিপাকে হরিণাকুণ্ডুর পাট চাষিরা

পাট নিয়ে বিপাকে পড়েছেন ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কৃষকরা। পাটগাছ বড় হওয়ার পর পানির অভাবে অনেক স্থানে গাছের পাতা শুকিয়ে মরে যাচ্ছে। পাট জাগ দিতে পারছেন না এলাকার কৃষক। ভরা বর্ষা মৌসুমেও বৃষ্টির দেখা নেই।

অধিকাংশ খাল, বিল, ডোবা ও জলাশয়ে পানি নেই। যেটুকু পানি আছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। পাটচাষিরা বৃষ্টির আশায় পাট কেটে জমিতে ফেলে রেখেছেন। পুকুর-নদীতে পর্যাপ্ত পানি না থাকায় সেচের

মাধ্যমে জাগ দিতে হচ্ছে পাট। আবার কেউ গাড়িতে করে বিল এলাকায় নিয়ে জাগ দেয়ার চেষ্টা করছেন। লোকসানের আশঙ্কায় মাথায় হাত কৃষকদের।

চলতি বছর ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৩ হাজার ৭৩০ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে পাট চাষ হয়েছে ৩ হাজার ৭৫০ হেক্টর জমিতে, যা গত বছরের তুলনায় বেশি। চাষ বেশি হলেও পানির অভাবে সমস্যা দেখা দিয়েছে পাট জাগ নিয়ে। অনেক এলাকায় শ্যালো মেশিন ও মোটরের সাহায্যে পানি দিয়ে জাগ দেয়া হচ্ছে। এতে বাড়তি খরচ গুনতে হচ্ছে কৃষকদের।

উপজেলার ফলসী ইউনিয়নের কৃষক জাফিরুল ইসলাম বলেন, এ বছর তিনি চার বিঘা জমিতে পাটের আবাদ করেছেন।অনাবৃষ্টির কারনে পাটের আগা শুকিয়ে গেলেও ফলন আগের বছরের তুলনায় ভালো হবে বলে আশা করছেন। কিন্তু পানির অভাবে পাট জাগ দিতে পারছেন না। উপজেলার অধিকাংশ পাটচাষির একই অবস্থা। গত বছর দাম বেশি পাওয়ায় চলতি বছর পাটের আবাদে ঝুঁকে পড়েন উপজেলার কৃষকরা। পাট আবাদ নির্বিঘ্নে হলেও এখন পাট কাটা ও জাগ দেয়া নিয়ে মহাবিপদে পড়েছেন কৃষক।

পায়রাডাঙ্গা গ্রামের কৃষক রাসেল বলেন, উপযুক্ত পানি না থাকায় পাট জাগ দেয়া খুব সমস্যা হয়ে যাচ্ছে।

হরিণাকুণ্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান বলেন, চলতি মৌসুমে উপজেলায় জমিতে পাটের আবাদ অনেক ভালো হয়েছে। ফলনও বেশ ভালো হয়েছে। তবে যে বৃষ্টি হয়েছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। বেশ কিছু দিনের খরা আর অনাবৃষ্টির কারণে পাটচাষিরা পড়েছেন দুশ্চিন্তায়। বিল অঞ্চলে পানি রয়েছে। কিন্তু উঁচু অঞ্চলে পানির সংকট। পর্যাপ্ত বৃষ্টি হলে এ সমস্যা দূর হবে।এছাড়াও পাট পচানোর জন্য পানি চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে স্লুইসগেইট দিয়ে নদীতে পানি সরবরাহও চাওয়া হয়েছে। আশা করছি, দ্রুত সময়ের মধ্যে ক্যানাল ও নদীতে পানি সরবরাহ করা হবে।